

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এফ এম বিভাগ-১

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৩.৩০.০০১.২৪ নথির বিষয়: এফ.এম বিভাগ-১ এর অফিস রক্ষণাবেক্ষণের জন্য স্টেশনারী মালামাল সংগ্রহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: এফ.এম বিভাগ-১ এর অফিস রক্ষণাবেক্ষণের জন্য স্টেশনারী মালামাল সংগ্রহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/১১/২৪ ৫:১৪ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং- ১ ও ২ সদয় দেখা যেতে পারে। অত্র বিভাগের অধীনে ৬৩০টি অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের বিভিন্ন ধরনের প্রাক্কলন তৈরী, কাজের রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত নথি, সার্বক্ষণিক পাম্প-মোটরের হিসাব, কূপ হতে উঠে আসা পাম্প-মোটর, ঠিকাদারের মেরামতকৃত পাম্প, ট্রান্সফরমার, এলটি প্যানেল, কলাম পাইপ, ভিএফডি প্রভৃতি মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের পরিধি বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া ফিল্ড স্টাফদের খাবার বিল, ওভারটাইম ও অন্যান্য দাপ্তরিক কাজে ফটোকপি করা হয়। অফিসের কাজে প্রয়োজনীয় বিভিন্ন ধরনের স্টেশনারী মালামাল যেমন-কলম, সাপনার, ইরেজার, হাইলাইটার, মার্কার পেন, ক্যালকুলেটর, স্টাপলার মেশিন, প্রিন্টার মেশিনের টোনার সহ বেশ কিছু স্টেশনারী মালামাল প্রয়োজন, যা হেড অফিস থেকে সরবরাহ পাওয়া যায় না বিধায় তা সংগ্রহ করা প্রয়োজন। এই সকল মালামাল সংগ্রহ করার লক্ষ্যে বাজার দর এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোট= ২৪,৭৩৪/- (চব্বিশ হাজার সাতশত চৌত্রিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের “মুদ্রন ও মনোহারী খাত”, কোড নং-০১-০২-০১৬ হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/১১/২৪ ৫:১৮ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ এম বিভাগ-১ এর অফিস রক্ষণাবেক্ষণ এর জন্য স্টেশনারী মালামাল সংগ্রহ কাজে উপস্থাপিত সর্বমোট= ২৪,৭৩৪/- (চব্বিশ হাজার সাতশত চৌত্রিশ) টাকার প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি-৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসাবে কার্য সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, কাজটি সম্পাদনের পর আলোচ্য কাজের জন্য আনীত টাকা পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৪/১১/২৪ ৬:৩৯ অপরাহ্ন
মোঃ সাইদুর রহমান
কম্পিউটার অপারেটর
এফ এম বিভাগ-১

১৪/১১/২৪ ৯:৪৭ অপরাহ্ন
মোঃ ফটিক চাঁদ মিয়া
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১৭/১১/২৪ ১০:৫৬ পূর্বাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১৭/১১/২৪ ১২:৪৪ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৭/১১/২৪ ১২:৪৪ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (২):

১। প্রাক্কলন.

২। বাজেট বরাদ্দের কপি.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৭/১১/২৪ ৮:৫২ অপরাহ্ন

Okay

নথি ডিজিটাল নথি স্বাক্ষরপান

১৭/১১/২৪ ৮:৫২ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১৮/১১/২৪ ৩:২৯ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৮/১১/২৪ ৩:৩৭ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১৮/১১/২৪ ৪:৫৭ অপরাহ্ন
মোঃ ফটিক চাঁদ মিয়া
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১৮/১১/২৪ ৫:৫১ অপরাহ্ন
মোঃ সাইদুর রহমান
কম্পিউটার অপারেটর
এফ এম বিভাগ-১